

স্মারক নং- ২৪.০২.৬৪৪৭.১৪১.৯৯.০৭০.২৩.৬২৪

তারিখ: ১৮ই কার্তিক, ১৪৩২  
০৩রা নভেম্বর, ২০২৫

## বিজ্ঞপ্তি

বিষয়: ২০২৫-২৬ অর্থবছরের উপবৃত্তি প্রদানের নিমিত্ত নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট প্রসঙ্গে।

নওগাঁ টেক্সটাইল ইনস্টিটিউট, মান্দা, নওগাঁর ১ম, ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্বের শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তর, উপবৃত্তি সেল এর স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৫.২৫.৩১৬, তারিখ: ২৯/১০/২০২৫ মোতাবেক ২০২৫-২০২৬ অর্থবছরের উপবৃত্তি প্রদানের নিমিত্ত নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট করণের লক্ষে আগামী ০৩/১১/২০২৫ তারিখ হতে ০৮/১১/২০২৫ তারিখের মধ্যে ১ম পর্বের শিক্ষার্থীরা আবেদন করবেন এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ঢাকা কর্তৃক ১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্বের ফলাফলের ভিত্তিতে ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্বের শিক্ষার্থীরা উপবৃত্তির পূরণকৃত আবেদনপত্র নিম্নলিখিত কাগজপত্রাদিসহ এ প্রতিষ্ঠানের উপবৃত্তি শাখার দায়িত্বরত কর্মচারীদের নিকট জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।


### উপবৃত্তি প্রাপ্তির শর্তাবলী:

- ০১। পূর্ববর্তী পর্ব সমাপনী পরীক্ষায় সকল বিষয়ে উত্তীর্ণ হতে হবে (শিক্ষার্থীর উপবৃত্তি আবেদনের সাথে সত্যায়িত মার্কসীট জমা দিতে হবে);
- ০২। ১ম পর্বের শিক্ষার্থীদের ক্ষেত্রে এস,এসসি মূল মার্কসীটের সত্যায়িত কপি জমা দিতে হবে।
- ০৩। হাজিরা কমপক্ষে ৭০% থাকতে হবে (শ্রেণী শিক্ষকের হাজিরার হার উল্লেখ পূর্বক প্রতিষ্ঠান প্রধানের প্রতিশ্রুতিরসহ প্রত্যয়নপত্র উপবৃত্তি আবেদনের সাথে জমা দিতে হবে);
- ০৪। অভিভাবকের আয় মাসিক অনধিক ৩০,০০০/- (ত্রিশ হাজার টাকা মাত্র) হতে হবে (সরকারী চাকুরিজীবীদের ক্ষেত্রে iBAS++ এর স্যালারী সিট এর অনুলিপি, বেসরকারি চাকুরিজীবীদের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানদের প্রত্যয়নপত্র এবং অন্যান্যদের ক্ষেত্রে নিজ নিজ ওয়ার্ড বা ইউনিয়ন কাউন্সিলরদের নিকট থেকে আয় সংক্রান্ত প্রত্যয়নপত্র উপবৃত্তি আবেদনের সাথে জমা দিতে হবে।
- ০৫। শিক্ষার্থীদের ব্যাংক/মোবাইল অ্যাকাউন্ট নাম্বার প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়সমূহ অনুসরণীয়:
  - অ্যাকাউন্টধারীর জাতীয় পরিচয়পত্রের নামের সাথে অ্যাকাউন্ট নামের মিল থাকতে হবে;
  - একই অ্যাকাউন্ট নম্বর একাধিক ব্যক্তির সামাজিক নিরাপত্তা বেটনীর অর্থ প্রাপ্তির ক্ষেত্রে ব্যবহার করা যাবে না;
  - মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস গেটওয়ে কর্তৃক অ্যাকাউন্ট নম্বর ব্লক আছে কিনা তা যাচাই পূর্বক সচল নম্বরটি জমা দিতে হবে।
- ০৬। শিক্ষার্থীদের ডিজিটাল জন্ম সনদ ভেরিফাইড (বাংলা ও ইংরেজীতে)। পিতা ও মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র ও মোবাইল ফাইন্যান্স অ্যাকাউন্ট (বিকাশ/নগদ/রকেট) (KYC ভেরিফাইড ও সক্রিয় হতে হবে)।

পৃষ্ঠা নম্বর: ০১/০২


০৭। যে সকল শিক্ষার্থী পূর্ববর্তী পর্বে উপবৃত্তি পেয়েছে এবং উল্লেখিত বিজ্ঞপ্তি মোতাবেক বর্তমান পর্বেও উপবৃত্তি পাওয়ার যোগ্য বলে বিবেচিত হয়েছে, সে সকল শিক্ষার্থীর অভিভাবকের আয় মাসিক অনধিক ৩০,০০০/- (ত্রিশ হাজার টাকা মাত্র) হতে হবে (সরকারী চাকুরিজীবীদের ক্ষেত্রে iBAS++ এর স্যালারী সিট এর অনুলিপি, বেসরকারি চাকুরিজীবীদের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানদের প্রত্যয়নপত্র এবং অন্যান্যদের ক্ষেত্রে নিজ নিজ ওয়ার্ড বা ইউনিয়ন কাউন্সিলরদের নিকট থেকে আয় সংক্রান্ত প্রত্যয়নপত্র উপবৃত্তি আবেদনের সাথে জমা দিতে হবে)।

বি.দ্র. উপবৃত্তির আবেদন ফরম (SAF) কারিগরি শিক্ষা অধিদপ্তর ও এ ইনস্টিটিউটের ওয়েবসাইটে পাওয়া যাবে।



(অনুপম কুমার দেবনাথ)  
অধ্যক্ষ (অ. দা:)

ফোন: ০২৫৮৮৮৮৬১১৫

 ইমেইল: [sktexins21@gmail.com](mailto:sktexins21@gmail.com)

বিতরণ: জ্ঞাতার্থ ও কার্যার্থে:

১. মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
২. জনাব মোঃ সাইফুল ইসলাম, কম্পিউটার অপারেটর, এ ইনস্টিটিউট (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. নোটিশ বোর্ড, এ ইনস্টিটিউট,
৪. অফিস নথি।